# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 09-08-2025** **Time: 7.35 AM.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার বর্ষ পূর্তিতে ফের একবার রাজ্যজুড়ে প্রতিবাদের ডাক।

আজকের নবান্ন অভিযান এবং কালীঘাট চলো কর্মসূচী নিয়ে সতর্ক প্রশাসন।

২) ভোটার তালিকায় ভুয়ো ভোটারদের নাম যুক্ত করার অভিযোগে রাজ্যের দুই WBCS আধিকারিক সহ পাঁচ জনের সাসপেনশনের বিষয়ে গৃহীত পদক্ষেপ সম্পর্কে জানাতে নির্বাচন কমিশন রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে।

৩) বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে অনিয়মের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে সন্তোষজনক রিপোর্ট না মেলায়, পশ্চিমবঙ্গকে প্রদেয় অর্থ বন্ধ করা হয়েছে বলে সরকার জানিয়েছে।

৪) উন্নততর যাত্রী পরিষেবা দিতে শিয়ালদা ও রানাঘাটের মধ্যে AC EMU ট্রেন পরিষেবার আনুষ্ঠানিক সূচনা হবে আগামীকাল।

৫) আজ রাখী পূর্ণিমা। সৌভ্রাতৃত্বের প্রতীক এই উৎসবকে ঘিরে আয়োজন করা হয়েছে পূজার্চনা ও নানা অনুষ্ঠান।

৬) ডুরান্ডকাপ ফুটবলের গ্রুপ বি-র ম্যাচে মোহনবাগান সুপার জায়েন্টস আজ ডায়মন্ডহারবার এফ সি-র মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার বর্ষ পূর্তিতে ফের একবার সমাজের বিভিন্ন স্তরের ফের একবার প্রতিবাদ বিক্ষোভ দানা বেঁধেছে। রাজ্য প্রশাসন ও তদন্তকারী সংস্থার বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলে পথে নেমেছেন সাধারণ মানুষ। অভয়ার মা-বাবা আজ ডাক দিয়েছেন নবান্ন অভিযানের।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে, আজকের নবান্ন অভিযানে যাতে কোনভাবেই রাজনৈতিক রং না লাগে সেজন্য আবেদন জানিয়েছেন, বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তিনি বলেন, অভয়ার হত্যা একটি প্রাতিষ্ঠানিক হত্যার সামিল। এর আগেও কয়েকজন চিকিৎসকের ওই হাসপাতালে রহস্যজনক মৃত্যু হয়েছে। তদন্তের শ্লথগতি নিয়ে অসন্তোষ প্রকাশ করে তিনি বলেন, ঘটনার প্রমাণ লোপাট করে দিয়েই তদন্ত প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তোলা হচ্ছে।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও এই ঘটনাকে সংগঠিত অপরাধ বলে দাবি করেছেন।

oooooooooooooooooooooo

ভোটার তালিকায় ভুয়ো ভোটারদের নাম যুক্ত করার অভিযোগে রাজ্যের দুই WBCS আধিকারিক সহ পাঁচ জনের সাসপেনশনের বিষয়ে রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছে, তা জানাতে নির্বাচন কমিশন রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থকে লেখা এক চিঠিতে কমিশন আগামী সোমবার দুপুর তিনটের মধ্যে এর জবাব দিতে বলেছে।

উল্লেখ্য, গত মঙ্গলবার রাজ্য সরকারকে পাঠানো চিঠিতে কমিশন দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর পূর্ব এবং পূর্ব মেদিনীপুরের ময়না বিধানসভা কেন্দ্রের দুই ইআরও, WBCS আধিকারিক এবং দুই এইআরও-কে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছিল।

পাশাপাশি অস্থায়ী ডেটা এন্ট্রি অপারেটর সুরজিত্ হালদারের বিরুদ্ধেও এফআইআর দায়েরের নির্দেশ দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে অনিয়মের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে সন্তোষজনক রিপোর্ট না মেলায়, পশ্চিমবঙ্গকে প্রদেয় অর্থ বন্ধ করা হয়েছে সরকার জানিয়েছে।

লোকসভায় এক লিখিত উত্তরে অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী জানিয়েছেন, ২০১৬-১৭ থেকে ২০২১-২২ পর্যন্ত পি এম আবাস যোজনায় ২৫ হাজার ৭-শো কোটি টাকার বেশি মঞ্জুর করা হয়েছিল প্রায় ৪৫ লক্ষ ৭০ হাজার বাড়ি তৈরির লক্ষে। ২০২২-এ লক্ষ্যমাত্রা স্থির হওয়ার পর অনিয়মের অভিযোগ ওঠে। কেন্দ্রীয় দলের পর্যবেক্ষণ অনুযায়ী অ্যাকশন টেকেন রিপোর্ট চাওয়া হয় রাজ্যের কাছে। কিন্তু তাতে কোন সন্তোষজনক উত্তর মেলেনি বলে মন্ত্রী জানিয়েছেন। ১-শো দিনের কাজের ক্ষেত্রেও একই সমস্যা সামনে এসেছে। গ্রামোন্নয়নমন্ত্রকের পক্ষ থেকে বারংবার বার্তা পাঠানো সত্ত্বেও কোন সদ্যোত্তুর না মেলায় ২০২২-এর ৯-ই মার্চ থেকে এই প্রকল্পে অর্থ বরাদ্দ বন্ধ রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

উন্নততর যাত্রী পরিষেবা দিতে শিয়ালদা ও রানাঘাটের মধ্যে AC EMU ট্রেন পরিষেবার আনুষ্ঠানিক সূচনা হবে আগামীকাল। সকাল ১১ টায় শিয়ালদা স্টেশনে আয়োজিত এক অনুষ্ঠানে দুই কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার ও শান্তনু ঠাকুর উপস্থিত থাকবেন বলে পূর্ব রেল সূত্রের খবর। আগামী সোমবার বাণিজ্যিক ভাবে এই AC EMU ট্রেন পরিষেবা শুরু হচ্ছে। রেল সূত্রে জানা গেছে, সকাল ৮ টা ২৯ মিনিটে রানাঘাট থেকে ছেড়ে বেলা ১০ টা ১০ মিনিটে শিয়ালদায় পৌঁছাবে। ফিরতি পথে সন্ধ্যা ৬ টা ৫০ মিনিটে শিয়ালদা থেকে ছেড়ে তা রানাঘাটে পৌঁছবে রাত ৮ টা ৩২ মিনিটে। যাতায়াতের পথে ট্রেনটি চাকদহ, কল্যানী, কাঁচরাপাড়া, নৈহাটি, ব্যারাকপুর, খড়দহ, সোদপুর, দমদম এবং বিধান নগর স্টেশনে থামবে। সর্ব নিম্ন ভাড়া ৩৫ টাকা এবং সর্বোচ্চ ১২০ টাকা ধার্য করা হয়েছে। দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক এবং মাসিক

টিকিটের ব্যবস্থা থাকছে। মহিলাদের জন্য গাড়ির দুই প্রান্তে একটি করে মোট দুটি কোচ থাকবে। এছাড়া , দিব্যাংগ ও সিনিয়র সিটিজেন দের জন্য যথারীতি আসন সংরক্ষিত থাকবে। অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন এই ট্রেনের অভ্যন্তর ভাগ এন্ড - টু - এন্ড ভেস্টিবুলযুক্ত। পুরো রেক সিসিটিভি নজরদারির আওতায় এবং জরুরি পরিস্থিতে চালক বা গার্ডের সঙ্গে যোগাযোগ করতে টক ব্যাক সুইচ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, মুম্বাই ও চেন্নাই এর পর পূর্ব ভারতে এই প্রথম AC EMU লোকাল ট্রেন পরিষেবা চালু হতে চলেছে। চাহিদা অনুযায়ী পরিষেবা আগামী দিনে বাড়ানো হবে বলেও রেল জানিয়েছে।

oooooooooooooooooooooo

কলকাতা ও হলদিয়া বন্দরের নাব্যতার সমস্যা কাটিয়ে পন্য পরিবহণ ক্ষমতা বাড়াতে শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দর কর্তৃপক্ষ উদ্যোগী হয়েছে। কলকাতায় গতকাল বণিকসভা মার্চেন্ট চেম্বার অফ কমার্সের এক আলোচনাসভায় অংশ নিয়ে তিনি জানান কলকাতা ও হলদিয়া উভয়েই নদী বন্দর হওয়ায় নাব্যতা জনিত সমস্যা রয়েই গেছে । এদিকে, কলকাতা বন্দর শহরের মধ্যে থাকায় পণ্য অপসারণও একটা চ্যালেঞ্জ। দুই বন্দরের নাব্যতা জন্য বিশেষজ্ঞ সংস্থা নিয়োগ করতে দরপত্র ডাকা হয়েছে। আগামী তিন বছরের মধ্যে ধাপে ধাপে কলকাতা বন্দরের নাব্যতা ৯ মিটার পর্যন্ত বাড়ানো হবে। কলকাতা বন্দরের পণ্য পরিবহনের ক্ষমতা বাড়ানোর ওপরেও বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন বন্দর চেয়ারম্যান। তিনি জানান, বর্তমানে কলকাতা বন্দরের পণ্য পরিবহন ক্ষমতা ৮ কোটি ৭৫ লক্ষ মেট্রিক টন, তার সঙ্গে তিন কোটি মেট্রিক টন ক্ষমতা যুক্ত হচ্ছে। এজন্য ২ হাজার কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে।

ooooooooooooooooooooo

আজ রাখি পূর্ণিমা। সৌভ্রাতৃত্বের প্রতীক এই উতসবকে ঘিরে আয়োজন করা হয়েছে পুজার্চনা ও নানা অনুষ্ঠান। বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে বের হয়েছে প্রভাত ফেরি। পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মেলনী এই বিশেষ দিন উপলক্ষ্যে রাজ্য জুড়ে জেলা, শহর ও গ্রামে রাখি বন্ধন

উৎসব উদযাপন করবে। কলকাতা পুরসভার ওয়ার্ড গুলিতেও রাখি বন্ধন উৎসব পালন করা হবে।

উল্লেখ্য, ১৯০৫ সালে ব্রিটিশ শাসিত পরাধীন ভারতে বঙ্গভঙ্গের বিরুদ্ধে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর রাখি বন্ধন উৎসবের মধ্য দিয়ে দেশবাসীর মধ্যে ঐক্য ও বন্ধনকে সুদৃঢ় করেছিলেন।

oooooooooooooooooooooo

**মাত্র দু তিন ঘণ্টার সম্প্রচার দিয়ে শুরু করে এখন ২৪ ঘন্টার চ্যানেল। দীর্ঘ পথ চলে সুবর্ণ জয়ন্তী উদযাপন করছে দূরদর্শন কলকাতা। একটি প্রতিবেদন-**

(ক্যাপসুল- কাশফিন)

oooooooooooooooooooooo

প্রসার ভারতীর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক গৌরব দ্বিবেদী বলেছেন তথ্য, শিক্ষা ও বিনোদন জগতে আরো বেশি সংখ্যায় মানুষের অংশগ্রহণে সংস্থা কাজ করে চলেছে। নতুন দিল্লীতে WAVES OTT প্লাটফর্মে ম্যাগাজিন স্টোর এর সূচনা অনুষ্ঠানে গতকাল তিনি উপস্থিত ছিলেন।

(বাইট- গৌরব)

ooooooooooooooooooooo

মেজর জেনারেল অমর পাল সিং চাহাল, ন্যাশনাল ক্যাডেট কোর এনসিসির পশ্চিমবঙ্গ ও সিকিম ডিরেক্টরেট এর অতিরিক্ত মহানির্দেশক হিসাবে দায়িত্ব নিয়েছেন। তিনি মেজর জেনারেল বিবেক ত্যাগীর স্থলাভিষিক্ত হলেন।

দায়িত্ব গ্রহণের পর মেজর জেনারেল চাহাল এনসিসি-র শৃঙ্খলা, কর্তব্য ও জাতি গঠনের অঙ্গীকার বজায় রাখার আহ্বান জানান। তিনি উদীয়মান প্রযুক্তি গ্রহণ, উন্নত প্রশিক্ষণ এবং তরুণ ক্যাডেটদের দায়িত্বশীল ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলার উপর জোর দেন।

ooooooooooooooooooooooo

কলকাতার পার্ক স্ট্রীট থানা এলাকায় গতরাত নয়টা নাগাদ ব্যারিস্তা ক্যাফের একতলায় ভয়াবহ আগুন লাগে । দমকলের ছয়টি গাড়ি সোয়া দু ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডে ক্যাফেটি ক্ষতিগ্রস্ত হলেও কোনো হতাহতের খবর নেই।

oooooooooooooooooooooo

মোহনবাগান সুপার জায়ান্ট ও ডায়মন্ড হারবার এফ সি আজ ডুরান্ড কাপের গ্রুপ বি, শেষ লিগ ম্যাচে মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। দুটি দল দু ম্যাচে জিতে ছয় পয়েন্ট সংগ্রহ করেছে। তবে গোল পার্থক্যে ডায়মন্ড হারবার এফসি এগিয়ে আছে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo